



বিশ্ববিদ্যালয়ে দলীয় নিয়োগ গণতন্ত্রের জন্য অশনিসংকেত: পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

দেশের শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশাসনে দলীয়করণের প্রবণতা গণতন্ত্র ও শিক্ষাব্যবস্থার জন্য নেতিবাচক বার্তা বহন করছে বলে মন্তব্য করেছেন মিয়া গোলাম পরওয়ার। বিশেষ করে একদিনে ১১টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি নিয়োগের ঘটনায় তিনি উদ্বেগ প্রকাশ করেছেন।

শুক্রবার (১৫ মে) দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, এসব নিয়োগে যোগ্যতা ও নিরপেক্ষতার চেয়ে রাজনৈতিক আনুগত্যকে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে বলে জনগণের মধ্যে ধারণা তৈরি হয়েছে।

তিনি অভিযোগ করেন, স্থানীয় সরকার থেকে শুরু করে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত দলীয় প্রভাব বিস্তারের প্রবণতা বাড়ছে, যা দেশের রাজনৈতিক সংস্কৃতি ও একাডেমিক পরিবেশের জন্য অশনিসংকেত।

জামায়াতের এই নেতা বলেন, বিশ্ববিদ্যালয় হলো জ্ঞানচর্চা, গবেষণা ও মুক্তবুদ্ধির কেন্দ্র। সেখানে পক্ষপাতমূলক নিয়োগ দেওয়া হলে শিক্ষকদের মধ্যে বিভাজন তৈরি হয় এবং শিক্ষার্থীদের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা থাকে।

তিনি আরও বলেন, অতীতে দলীয়করণের কারণে শিক্ষা খাতে অস্থিরতা, সহিংসতা ও সেশনজটের মতো সমস্যা তৈরি হয়েছিল। জনগণ সেই পরিস্থিতির পুনরাবৃত্তি চায় না।

বাংলাদেশ জামায়াতে ইসলামী—এর সেক্রেটারি জেনারেল দাবি করেন, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলোকে দলীয় নিয়ন্ত্রণমুক্ত রেখে স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতার ভিত্তিতে নিয়োগ দেওয়া উচিত। একই সঙ্গে তিনি বিশ্ববিদ্যালয়গুলোর ভিসি নিয়োগ পুনর্বিবেচনার আহ্বান জানান।